

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের নভেম্বরের বেতন-ভাতার চেক ব্যাংকে হস্তান্তর

তথ্য বিবরণী : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বাবসায় বাবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের নভেম্বর মাসের বেতন-ভাতার সরকারী অংশের চেক জনতা, অগ্রণী, অ্রপালী, সোনালী ব্যাংকে প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। আগামী ২ ডিসেম্বর তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারী অংশ উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্ধবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তাহাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা এর মাধ্যে উত্তোলন করতে পারবেন।

এবংতদারী মাদ্রাসাসমূহের অক্টোবর ও নভেম্বর মাসের বেতনের চেক প্রেরণ দেশের সরকারী অনুদানভূক্ত স্বতন্ত্র এবংতদারী মাদ্রাসাসমূহের শিক্ষক-শিক্ষিকাদের অক্টোবর ও নভেম্বর মাসের বেতন বাবদ মেয় অনুদানের টাকার চেক এবং এমপিও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে প্রেরণ করা হয়েছে। সরকারী অনুদানভূক্ত সকল স্বতন্ত্র এবংতদারী মাদ্রাসার প্রধানগণ টাকা বন্টনকারী সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করে ২ ডিসেম্বরের মধ্যে টাকা উত্তোলন করতে পারবেন।

যে সকল স্বতন্ত্র এবংতদারী মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাগণ সহভকারণে বর্তমান অর্ধবছরের জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়ের টাকা নির্ধারিত সময়সীমার মধ্যে উত্তোলন করতে পারেননি তাহাও উক্ত সময়ের টাকা এর সাথে তুলতে পারবেন।